

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বাজেট অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

ম্যারক নং-৪৫.১৩৯.১১৬.০০.০০.০৫০.২০১৬/ ১৮-

তারিখ: ২৫-০৯-২০১৯খ্রি:

বিষয়: পেনশন ও আনুতোষিক মঙ্গুরির প্রস্তাবে না-দাবী প্রত্যয়ন সংযুক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দীর্ঘ কর্মজীবন শেষে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ১ম শ্রেণির সরকারি কর্মকর্তাগণ পেনশন ও আনুতোষিক মঙ্গুরের জন্য আনুসংজীক কাগজপত্রসহ আবেদন করে থাকেন, যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহকারে (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/নিমিউ এন্ড টিসি) অগ্রামী করা হয়ে থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে,

- (১) পেনশন ও আনুতোষিক মঙ্গুরির প্রেরিত প্রস্তাবের সাথে বাড়ি ভাড়া, বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত না-দাবী/না-দাবী প্রত্যয়নপত্র সংযুক্ত করা হয় না।
- (২) অবসরোভর ছুটির মেয়াদ শেষ হওয়ার অনেক পূর্বে (কোন কোন ক্ষেত্রে ৫/৭ মাস পূর্বে) পেনশন/আনুতোষিক মঙ্গুরির প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে।
- (৩) পেনশন পেপারে নির্দিষ্ট কর্তৃপক্ষ অর্থাৎ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে আবেদনের পরিবর্তে ভুলভাবে আবেদন করা হয়।

ফলে, বিভিন্ন ইউটিলিটি বিল পরিশোধ সম্পর্কে নিশ্চিত হওয়া যায় না কিংবা PRL শেষ না হওয়ায় পেনশন ও আনুতোষিক মঙ্গুরিতে অহেতুক বিলস্থান হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে পেনশনারের সঠিক তথ্য নিশ্চিত হতেও অহেতুক বিলস্থান হয়ে থাকে।

২। এমতাবস্থায়, এখন থেকে আবশ্যিকীয় রেকর্ডপত্রসহ পেনশন/আনুতোষিক মঙ্গুরির জন্য (১) বাড়ি ভাড়া, বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ প্রদত্ত না-দাবী প্রত্যয়নপত্র (২) PRL শেষ হওয়ার সর্বোচ্চ ০১(এক) মাস পূর্বে এবং (৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে আবেদন সম্বলিত পেনশন পেপারে যথাযথ সুপারিশসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ সুলতান মাহমুদ)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৭২৭

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রিত ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৫। অতিরিক্ত সচিবের (বাজেট) ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিবের (বাজেট) ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।